

প্রচ্ছদ (https://www.ntvbd.com) বিজ্ঞান ও প্রযুক্তি (https://www.ntvbd.com/tech)

# ওয়েব হোস্টিং ইন্ডাস্ট্রি সামিট অনুষ্ঠিত

১৩ ফেব্রুয়ারি ২০১৯, ১৬:৪০

নিজস্ব প্রতিবেদক



রাজধানীর একটি হোটেলে ওয়েব হোস্টিং ইন্ডাস্ট্রি সামিট অনুষ্ঠিত হয়। ছবি: সংগৃহীত

দেশের ওয়েব হোস্টিং উন্নয়নের লক্ষ্যে 'ওয়েব হোস্টিং ইন্ডাস্ট্রি সামিট-২০১৯' অনুষ্ঠিত হয়েছে। রাজধানীর একটি হোটেলে আজ বুধবার এ সামিটটি অনুষ্ঠিত হয়।

দেশের শীর্ষ ওয়েব হোস্টিং কোম্পানিগুলোর মধ্যে পারস্পরিক সুসম্পর্ক এবং সমঝোতা বাড়ানোর মাধ্যমে বাংলাদেশের ওয়েব হোস্টিং ইন্ডাস্ট্রির সামগ্রিক উন্নয়ন এই সামিটটির মূল উদ্দেশ্য। বাংলাদেশের ৩০টির বেশি শীর্ষ কোম্পানি এই অনুষ্ঠানটিতে অংশগ্রহণ করে।

অনুষ্ঠানটিতে প্রধান অতিথি ছিলেন বাংলাদেশ অ্যাসোসিয়েশন অব সফটওয়্যার অ্যান্ড ইনফরমেশন সার্ভিসেস (বেসিস)-এর প্রেসিডেন্ট আলমাস কবির। বিশেষ অতিথি ছিলেন যুক্তরাষ্ট্রপ্রবাসী তথ্যপ্রযুক্তিবিদ এবং সিনারিস ওয়েব সার্ভিসের প্রধান নির্বাহী কর্মকর্তা আবু সুফিয়ান হায়দার।



এটি ছিল তৃতীয় ওয়েব হোস্টিং ইন্ডাস্ট্রি সামিট। এ বছর এর আয়োজনে ছিল বাংলাদেশের অন্যতম ওয়েব হোস্টিং কোম্পানি আলফা নেট। তাদের সহযোগী সংগঠন হিসেবে ছিল যেওন বিডি, ঢাকা ওয়েব হোস্ট লিমিটেড এবং ওয়েব হোস্ট বিডি।

সামিটটিতে বর্তমানে বাংলাদেশের ওয়েব হোস্টিংয়ের সামগ্রিক পরিস্থিতি, বিবিধ সমস্যা এবং সম্ভাব্য সমাধান নিয়ে বিস্তারিত আলোচনা করেন উপস্থিত সদস্যরা।

প্রধান অতিথি হিসেবে সমস্যাগুলোর সমাধান নিয়ে মূল্যবান বক্তব্য দেন বেসিস প্রেসিডেন্ট আলমাস কবির। তিনি ওয়েব হোস্টিং ইন্ডাস্ট্রির সামগ্রিক উন্নয়নে বেসিসের সর্বাত্মক সহায়তার প্রতিশ্রুতি দেন।

অনুষ্ঠানটি পরিচালনা করেন আলফা নেটের প্রধান নির্বাহী কর্মকর্তা একরামুল হায়দার। আড়ম্বরপূর্ণ মধ্যাহ্নভোজনের মাধ্যমে ওয়েব হোস্টিং সামিটের সমাপ্তি হয়।

46  
Shares

Share

Tweet

Share

Share

Share

### বিজ্ঞান ও প্রযুক্তি

(<https://www.ntvbd.com/tech>) | আরও খবর  
(<https://www.ntvbd.com/all-news/tech>)

> সোমবার পূর্ণ চন্দ্রগ্রহণ

(<https://www.ntvbd.com/tech/234097/>  
সোমবার-পূর্ণ-চন্দ্রগ্রহণ)

> ৯ পেজ, ৬ অ্যাকাউন্ট বন্ধ করল ফেসবুক

(<https://www.ntvbd.com/tech/229621/৯-পেজ-৬-অ্যাকাউন্ট-বন্ধ-করল-ফেসবুক>)

> গুগল সার্চে সেরা দেশে খালেদা জিয়া ও হিরো আলম

(<https://www.ntvbd.com/tech/228483/>  
গুগল-সার্চে-সেরা-দেশে-খালেদা-জিয়া-ও-হিরো-আলম)

> সহজে দ্রুত রক্তদাতার সন্ধান দেবে 'আলো ব্লাড ডোনার'

(<https://www.ntvbd.com/tech/222211/>  
সহজে-দ্রুত-রক্তদাতার-সন্ধান-দেবে-আলো-ব্লাড-ডোনার)

> গুগল ডুডলে কবি শামসুর রাহমান

(<https://www.ntvbd.com/tech/221167/>  
গুগল-ডুডলে-কবি-শামসুর-রাহমান)

> এবার আকাশে কৃত্রিম চাঁদ স্থাপন করবে চীন! (<https://www.ntvbd.com/tech/220671/>  
এবার-আকাশে-কৃত্রিম-চাঁদ-স্থাপন-করবে-চীন)

> কত জনের চেহারা মানুষ মনে রাখতে পারে?

(<https://www.ntvbd.com/tech/219393/>  
কত-জনের-চেহারা-মানুষ-মনে-রাখতে-পারে)

> শুরু হচ্ছে নম্বর ঠিক রেখে অপারেটর পরিবর্তন

(<https://www.ntvbd.com/tech/217877/>  
শুরু-হচ্ছে-নম্বর-ঠিক-রেখে-অপারেটর-পরিবর্তন)